

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ২১, ২০১২

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ২১ জুন, ২০১২/৭ আষাঢ়, ১৪১৯

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ২১ জুন, ২০১২/ ৭ আষাঢ়, ১৪১৯ তারিখে রাষ্ট্রপতির সম্মতি লাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে ঃ—

২০১২ সনের ২৩ নং আইন

প্রতিযোগিতা আইন প্রণয়নের লক্ষ্যে প্রণীত আইন

যেহেতু দেশের ক্রমবর্ধমান অর্থনৈতিক উন্নয়নের প্রেক্ষাপটে ব্যবসা-বাণিজ্যে সুস্থ প্রতিযোগিতামূলক পরিবেশ উৎসাহিত করিবার, নিশ্চিত ও বজায় রাখিবার উদ্দেশ্যে ষড়যন্ত্রমূলক যোগসাজশ (Collusion), মনোপলি (Monopoly) ও ওলিগপলি (Oligopoly) অবস্থা, জোটবদ্ধতা অথবা কর্তৃত্বময় অবস্থানের অপব্যবহার সংক্রান্ত প্রতিযোগিতা বিরোধী কর্মকাণ্ড প্রতিরোধ, নিয়ন্ত্রণ বা নির্মূলের লক্ষ্যে আইন প্রণয়ন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল ঃ—

প্রথম অধ্যায়

প্রারম্ভিক

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আইন প্রতিযোগিতা আইন, ২০১২ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

(৯০২২৫)

মূল্য ঃ টাকা ২৪.০০

২। সংজ্ঞা।—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে—

- (ক) “অধিগ্রহণ (Acquisition)” অর্থ প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কোন ব্যবসা প্রতিষ্ঠানের শেয়ার, ভোট প্রদানের অধিকার বা সম্পদ অধিগ্রহণ বা অধিগ্রহণের জন্য সম্মত হওয়া বা সম্পদ বা ব্যবস্থাপনার নিয়ন্ত্রণ গ্রহণ করা;
- (খ) “অনুশীলন (Practice)” অর্থ কোন ব্যক্তি বা ব্যবসা প্রতিষ্ঠান কর্তৃক ব্যবসা-বাণিজ্যের ক্ষেত্রে অনুসৃত প্রচলিত রীতি;
- (গ) “ওলিগপলি (Oligopoly)” অর্থ কিছু সংখ্যক ব্যক্তি বা প্রতিষ্ঠান কোন পণ্য বা সেবার বাজার নিয়ন্ত্রণ করে এমন কোন অবস্থা;
- (ঘ) “কমিশন” অর্থ ধারা ৫ এর উপ-ধারা (১) এর অধীন প্রতিষ্ঠিত বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন;
- (ঙ) “কার্টেল (Cartel)” অর্থ কোন ব্যক্তি বা ব্যক্তিগোষ্ঠীর প্রকাশ্য বা প্রচ্ছন্ন চুক্তির মাধ্যমে কোন পণ্য বা সেবার বাজারে একচেটিয়া ব্যবসা প্রতিষ্ঠার জন্য পণ্যের উৎপাদন, পরিবেশন, বিক্রয়, মূল্য বা লেনদেন অথবা কোন প্রকার সেবা সীমিতকরণ, নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করা বা নিয়ন্ত্রণের উদ্যোগ গ্রহণ করা;
- (চ) “চেয়ারপার্সন” অর্থ কমিশনের চেয়ারপার্সন;
- (ছ) “চুক্তি” অর্থ—
- (অ) Contract Act, 1872 (Act IX of 1872) এর section 2(h) এ সংজ্ঞায়িত “Contract”;
- (আ) কোন পণ্য বা সেবার ক্রয়-বিক্রয়, উৎপাদন, সরবরাহ, বিতরণ, নিয়ন্ত্রণ বা, ক্ষেত্রমত, পণ্যের গুদামজাতকরণ বিষয়ে সমঝোতা বা ঐকমত্য, আনুষ্ঠানিক বা অনানুষ্ঠানিক, লিখিত বা অলিখিত, প্রকাশ্য বা প্রচ্ছন্ন, যাহাই হউক না কেন, এবং উহা আইনি প্রক্রিয়ায় বলবৎযোগ্য হউক বা না হউক; এবং নিম্নলিখিত বিষয়ও উহার অন্তর্ভুক্ত হইবে, যথা—
- (১) শর্তযুক্ত ব্যবস্থা (Tie-in-arrangement);
 - (২) একচ্ছত্র (Exclusive) সরবরাহ চুক্তি;
 - (৩) একচ্ছত্র (Exclusive) পরিবেশন চুক্তি;
 - (৪) লেনদেনে অস্বীকার;
 - (৫) পুনঃবিক্রয় মূল্য সংরক্ষণ;

- (জ) “জোটবদ্ধতা (Combination)” অর্থ ব্যবসা-বাণিজ্যের ক্ষেত্রে অধিগ্রহণ (Acquisition) বা নিয়ন্ত্রণ গ্রহণ করা বা অংগীভূত বা একীভূত হওয়া (Merger);
- (ঝ) “পণ্য (Goods)” অর্থ Sale of Goods Act, 1930 (Act III of 1930) এর section 2(7) এ সংজ্ঞায়িত “goods”;
- (ঞ) “প্রবিধান” অর্থ এই আইনের অধীন প্রণীত প্রবিধান;
- (ট) “বিধি” অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি;
- (ঠ) “ব্যক্তি” অর্থ কোন ব্যক্তি এবং কোন প্রতিষ্ঠান, কোম্পানী, সমিতি, অংশীদারী কারবার, ফার্ম বা সংবিধিবদ্ধ বা অন্য কোন সংস্থা বা উহাদের প্রতিনিধিও ইহার অন্তর্ভুক্ত হইবে;
- (ড) “ব্যবসা-প্রতিষ্ঠান” অর্থ এমন ব্যক্তি বা অর্থনৈতিক সত্ত্বা বা সরকারের এমন কোন বিভাগ যিনি বা যাহা যে কোন প্রকারের পণ্যের উৎপাদন, গুদামজাতকরণ, সরবরাহ, পরিবেশন, অধিগ্রহণ বা নিয়ন্ত্রণ বা সেবার সংস্থান সংক্রান্ত কোন কার্যক্রমে অথবা বিনিয়োগ বা ব্যবসা অর্জন, ধারণ, দায়গ্রহণ বা শেয়ার, ডিবেঞ্চগর এবং অন্য কোন বিধিবদ্ধ সংস্থার জামানত সংক্রান্ত লেনদেনসহ অন্যান্য কার্যক্রমে সরাসরি অথবা এক বা একাধিক ইউনিটে বা বিভাগে বা অধীনস্থ (subsidiary) হিসাবে, নিয়োজিত ছিলেন বা আছেন, এইরূপ ইউনিট, বিভাগ বা অধীনস্থতা যেই স্থানে ব্যবসা প্রতিষ্ঠান অবস্থিত সেই স্থানে হটক বা ভিন্ন স্থানে হটক তাহাকে বুঝাইবে; তবে সরকারের মুদ্রা ও প্রতিরক্ষার সহিত সংশ্লিষ্ট এমন কোন কার্যক্রম এই সংজ্ঞার অন্তর্ভুক্ত হইবে না;
- (ঢ) “ব্যবসা-বাণিজ্য (Trade)” অর্থ পণ্যের উৎপাদন, সরবরাহ, পরিবেশন, গুদামজাতকরণ বা নিয়ন্ত্রণ সংক্রান্ত লেনদেন, ব্যবসা, শিল্প, পেশা বা বৃত্তি; এবং কোন সেবার সংস্থানও ইহার অন্তর্ভুক্ত হইবে;
- (ণ) “মনোপলি (Monopoly)” অর্থ মাত্র একজন ব্যক্তি বা একটি প্রতিষ্ঠান কোন পণ্য বা সেবার বাজার নিয়ন্ত্রণ করে এমন কোন অবস্থা;
- (ত) “মূল্য” অর্থ কোন পণ্য বিক্রয় কিংবা কোন সেবা প্রদানের ক্ষেত্রে মূল্যবান বিনিময় (valuable exchange), প্রত্যক্ষ বা পরোক্ষ বা বিলম্বিত হটক বা না হটক, এবং এমন বিনিময়ও ইহার অন্তর্ভুক্ত হইবে যাহা কার্যতঃ কোন পণ্য বিক্রয় কিংবা সেবা প্রদানের সহিত সম্পৃক্ত কিন্তু দৃশ্যতঃ অন্য কোন বিষয় বা ঘটনার সহিত সংশ্লিষ্ট;

